যুগান্তর

তারিখ ...... 30 APR 2017
পৃষ্ঠা 2 ...... কলাম 6 .....




রাজধানীর অফিসার্স ক্লাবে শনিবার বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের কাছ থেকে শাহজালাল ইসলামী ব্যাংকের বৃত্তির চেক গ্রহণ [illegible] এক ছাত্রী
যুগান্তর

### শাহজালাল ইসলামী ব্যাংক

# ৫শ’ দরিদ্র মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

**যুগান্তর রিপোর্ট**

দেশের বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অসচ্ছল ৫০০ মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি দিয়েছে বেসরকারি বাণিজ্যিক শাহজালাল ইসলামী ব্যাংক। ২০১৬ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ এসব শিক্ষার্থীর মাঝে ব্যাংকটির পক্ষ থেকে ২ কোটি ৪৬ লাখ টাকার বৃত্তি দেয়া হয়। শনিবার রাজধানীর অফিসার্স ক্লাবে এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের হাতে এ শিক্ষাবৃত্তির চেক তুলে দেন।

শিক্ষাবৃত্তির জন্য মনোনীত এসব শিক্ষার্থীর মধ্যে যারা উচ্চমাধ্যমিকে অধ্যয়নরত, তাদের প্রত্যেককে ১ মাসের বৃত্তিসহ বই-পুস্তক ও পোশাক কেনার জন্য ৭ হাজার টাকা এবং স্নাতকপর্যায়ের প্রত্যেক শিক্ষার্থীকে ৭ হাজার ৫০০ টাকার চেক প্রদান করা হয়। উচ্চমাধ্যমিকের শিক্ষার্থীদের কোর্স শেষ করতে মোট ২৩ মাসের বৃত্তি তাদের নিজ নিজ অ্যাকাউন্টে মাসিক হারে জমা দেয়া হবে। শিক্ষার্থীরা ব্যাংকটির যে কোনো শাখা অথবা ভিসা/কিউ ক্যাশ এটিএম বুথ থেকে টাকা তুলতে পারবে। প্রসঙ্গত, শাহজালাল ইসলামী ব্যাংক ২০০৬ সাল থেকে ধারাবাহিকভাবে প্রতিবছর এ বৃত্তি প্রদান করে আসছে।

শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রকৌশলী মো. তৌহিদুর রহমান। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের চেয়ারম্যান আনোয়ার হোসেন খান ও ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ফরমান আর চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, শাহজালাল ইসলামী ব্যাংক দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে জনকল্যাণে যে অবদান রেখে আসছে তা অতি মহৎ ও গৌরবের। অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি দিয়ে তাদের উচ্চশিক্ষার সুযোগ করে দেয়াটা প্রশংসনীয়।

ব্যাংকের চেয়ারম্যান প্রকৌশলী মো. তৌহিদুর রহমান বলেন, অর্থনীতির প্রবৃদ্ধিতে যথাসাধ্য অবদান রেখে আসছে শাহজালাল ইসলামী ব্যাংক। একই সঙ্গে সামাজিক দায়বদ্ধমূলক কর্মসূচির মাধ্যমে সমাজের বহুমুখী উন্নয়নে ভূমিকা রাখারও চেষ্টা করছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর